

# সমবায় সমিতি নিবন্ধন প্রক্রিয়া

## (নিবন্ধনের ফ্লোচার্ট)

- নিজেদের সমস্যা চিহ্নিতকরণ;
- নিবন্ধনপূর্ব অবহিতকরণ সভা অনুষ্ঠান;
- কমপক্ষে ২০ জনকে একত্রিকরণ;
- একজন সংগঠক নির্বাচন;
- এলাকার গণ্যমান্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময়;
- সমবায় সমিতির ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহন;
- সমবায় সমিতির শ্রেণী ও উদ্দেশ্য নির্ধারণ;
- আলোচনার মাধ্যমে সমিতির নামকরণ ও সভ্য এলাকা নির্ধারণ;
- অনুমোদিত শেয়ার মূলধন এবং প্রতিটি শেয়ারের মূল্য নির্ধারণ;
- উপ-আইন প্রণয়ন;
- ভর্তি ফি, শেয়ার ও সঞ্চয় আদায়;
- হিসাবের খাতাপত্র ও রেজিস্টারসমূহ প্রস্তুতকরণ;
- সাংগঠনিক সভা আহ্বান এবং প্রস্তাবিত সমিতির যাবতীয় বিষয়াদি নিয়ে আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও লিখিতভাবে রেজুলেশন প্রস্তুতকরণ;
- নিবন্ধনের জন্য আবেদনপত্র প্রস্তুতকরণ;
- উপজেলা সমবায় অফিস/স্থানীয় সমবায় অফিসে যাবতীয় কাগজপত্র নিবন্ধনের জন্য জমা প্রদান।

সমবায় সমিতি নিবন্ধনে যে সকল কাগজপত্র ০২(দুই) কপি দাখিল করতে হবে তার তালিকা:

- নির্ধারিত ফরমে আবেদনপত্র;
- নিবন্ধন ফি জমার চালানের কপি;
- নিবন্ধন ফি এর ১৫% ভ্যাট জমার চালানের কপি;
- সাংগঠনিক সভার সত্যায়িত রেজুলেশন;
- জমা-খরচ হিসাব;
- তিন প্রস্থ উপ-আইন;
- আগামী দুই বছরের প্রস্তাবিত বাজেট;
- সরকারী সাহায্য ছাড়া চলতে পারার অঙ্গীকারনামা;
- নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানা সংক্রান্ত প্রমাণপত্র;
- প্রত্যেক সদস্যের নমিনির নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানা সংক্রান্ত প্রমাণপত্র;
- আবেদনকারী সদস্যদের প্রত্যেকের পাসপোর্ট সাইজের ছবি;
- উপ-আইন মেনে চলার অঙ্গীকারনামা;

- নিবন্ধকের অনুমোদনের জন্য প্রথম ব্যবস্থাপনা কমিটি প্রস্তাব;
- অফিস ঘর এর মালিকানার দলিলের কপি;
- স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নপত্র;
- ভর্তি রেজিস্টারের ফটোকপি;
- জমা-খরচ বহির ফটোকপি;
- শেয়ার ও সঞ্চয় আমানতের তালিকা;
- শেয়ার ও সঞ্চয় আমানত বহির ফটোকপি;
- ব্যাংক হিসাবের স্টেটমেন্ট;
- সমিতির অফিসের ঠিকানা সংক্রান্ত স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নপত্র;
- পেশাগত প্রত্যয়ন;
- প্রশিক্ষণের হাজিরা ও ছবি;
- সমবায় আইন ও বিধি সম্পর্কে সম্মক ধারণা লাভ সংক্রান্ত প্রত্যেক সদস্যের প্রত্যয়ন;
- নিবন্ধক কর্তৃক চাহিত অন্যান্য কাগজপত্র (প্রয়োজনবোধে)।

## সমবায় সমিতি কেন করবেনঃ

- সমবায় সমিতি একটি সংবিধিবদ্ধ সংস্থা।
- নিবন্ধন লাভ করার পর এর মাধ্যমে নিজেদের সমস্যা অনুযায়ী উপ-আইন উল্লেখিত যে কোন বৈধ ব্যবসা-বানিজ্য করা যাবে।
- বাংলাদেশ সংবিধানের (১৩ ক ও গ অনুযায়ী) অন্য ব্যবসা-বানিজ্য করার জন্য সরকারকে ৩৫-৩৮% ট্যাক্স প্রদান করতে হয়।
- সমবায়ের মাধ্যমে প্রতিষ্ঠিত ব্যবসা প্রতিষ্ঠানকে ১৮% (১৫% কর ও ৩% সিডিএফ) ট্যাক্স প্রদান করতে হয়; যা অন্য মালিকানা (রাষ্ট্রীয় ও ব্যক্তি) হতে ১০%-১৫% কম।
- নিবন্ধিত সমবায় প্রতিষ্ঠান তার দাবি আদায়ের লক্ষ্যে যে কোন মামলা পরিচালনা করতে পারবে, নিবন্ধকের অনুমতি সাপেক্ষে।
- সমবায় সমিতি উৎপাদিত পণ্য ব্যাল্ডিং করার জন্য দেশের ০১ (এক) কোটির অধিক সমবায়ী সদস্যকে তার ক্রেতা হিসাবে বিবেচনা করতে পারবে; যা অন্য ব্যবসায় ব্যয় সাধ্য;
- সমবায় প্রতিষ্ঠান-বিশ্বব্যাপী অত্যন্ত জনপ্রিয় ও সমাদৃত।

\*\*\*\*\*

## নিবন্ধন বিষয়ক সাধারণ নির্দেশনা

- ১। সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা ২০১৩ এর সকল নির্দেশনা অনুযায়ী নিবন্ধনের কাগজপত্র প্রস্তুত করতে প্রস্তুত সমবায় সমিতিতে সাহায্য করতে হবে।
- ২। বাড়ি ভাড়া চুক্তি ও নিবন্ধন ফি, ভ্যাট এর মূল কপি দাখিল করতে হবে।
- ৩। সমিতির কর্ম এলাকায় একই নামে অন্য কোন ধরনের সমবায় সমিতি থাকা যাবে না। তাই নাম প্রস্তাব করার ক্ষেত্রে ইউনিক নাম প্রস্তাব করতে হবে।
- ৪। কোন ব্যক্তির নামে সমবায় সমিতির নামকরণ করা যাবে না।
- ৫। ক্ষুদ্র ঋণের উদ্দেশ্যে গঠিত সমবায় সমিতির প্রাথমিক অবস্থায় কর্ম এলাকা ৩টি ইউনিয়ন ও অনুমোদিত শেয়ার মূলধন ১০ লক্ষ টাকার অধিক দেওয়া যাবে না।
- ৬। প্রত্যেক সদস্যের পেশা ও স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়ন দাখিল করতে হবে
- ৭। উপজেলা সমবায় অফিসারের সকল প্রত্যয়ন একসাথে থাকতে হবে।
- ৮। মডেল উপ-আইন অনুসরণ করে উপ-আইন প্রনয়ন করতে হবে
- ৯। উপ-আইনে সামাজিক দায়বদ্ধতার অনুচ্ছেদ থাকতে হবে
- ১০। আবেদনপত্রে কাটাকাটি করা যাবে না। অনিবার্য কারণে কোন লাইন কাটতে হলে উপজেলা সমবায় অফিসারের অনুস্বাক্ষর থাকতে হবে
- ১১। ব্যবস্থাপনা কমিটির ১/৩ নারী সদস্য হতে হবে।
- ১২। প্রস্তুত সমিতির সকল সদস্যের সমবায় সমিতির ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে
- ১৩। সমবায় আইন ও বিধির পরিপন্থি কোন নিবন্ধনের নথি জেলা অফিসে প্রেরণ করলে সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার এজন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।